গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি
(স্থানীয় সরকার শাখা)
www.dcjhalakati.gov.bd

০৮ ভাদ্র, ১৪২৮

নম্বর- ০৫.১০.৪২০০.০১১.০১.০১১.২০.                                        তারিখ :------------------
২৩ আগস্ট, ২০২১

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৮ মার্চ ২০২০ খ্রি. তারিখের ৪৬.০৯৯.০১৯.০১.০১.০০১.২০০৩(অংশ-১).১০৮ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এর স্থানীয় সরকার শাখার নিম্নলিখিত শূন্য পদ সরাসরি নিয়োগের জন্য কেবলমাত্র ঝালকাঠি জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষ নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | অফিস সহায়ক | ২ (দুই) টি | স্কেল : ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলি

০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পুরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েব সাইট অথবা জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে প্রার্থীর নাম লিখতে হবে।

০২। আবেদনপত্র আগামী ২৬ সেপ্টেম্বর , ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারি চালানে সরকারি কোষাগারে/ব্যাংকে কোড নং ১-৩৭০১-০০০১-২০৩১ এ জমা প্রদান করত চালানের মুল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ।

০৪। প্রার্থীর বয়স গত ২৫ মার্চ, ২০২০ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৬। আবেদন ফরম-এ প্রার্থীর মোবাইল নম্বর বাধ্যতামুলকভাবে লিখতে হবে।

০৭। প্রার্থী কোনো সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৮। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকারি নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোনো তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোনো শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১২। চূড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।

১৩। প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মুল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৪। বর্ণিত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে

Scanned with CamScanner

১৪। বর্ণিত পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ জেলা প্রশাসক, ঝালকাঠি বরাবর দাখিল করতে হবে।

১৫। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৬। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

স্বা/
মো: জোহর আলী
জেলা প্রশাসক
ঝালকাঠি
ফোন : ০৪৯৮-৬৩৩০০
dcjhalokati@ mopa. gov.bd

নম্বর- ০৫.১০.৪২০০.০১১.০১.০১১.২০. ৫৭০(৩)

তারিখ : ০৮ ভাদ্র, ১৪২৮
২৩ আগস্ট, ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, ....................................... (সকল)।
০৪. ..........................................................................., (জেলা পর্যায়ের সকল কর্মকর্তা)। বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া। বিজ্ঞপ্তিটি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
০৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি।
০৭. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। তাঁকে বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলার প্রতি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি।
০৯. সম্পাদক,..........................................। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ......................... খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ৩ কলামে একবার প্রকাশ করত প্রকাশিত পত্রিকার ০৩ কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস নথি

জেলা প্রশাসক
ঝালকাঠি

Scanned with CamScanner